

অস্ট্রেলিয়া সিরিজ থেকে ছিটকে গেলেন নাহিদ রানা

৩-এর পাতায় দেখুন

# দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR

ইরানের হামলার শিকার হওয়ার পরও কেন মার্কিন উপস্থিতি আরও বাড়াচ্ছে জর্ডান সরকার

২-এর পাতায় দেখুন



রেজি ঃ ডিএ-৬১৭৬ ॥ বর্ষ-১১ ॥ সংখ্যা-২৬ ॥ ঢাকা রবিবার ২৬ জুলাই ২০২৬ ইং ॥ ১১ শ্রাবণ ১৪৩৩ বাংলা ॥ ১১ সফর ১৪৪৮ ॥ পৃষ্ঠা : ৮ ॥ মূল্য- ৫.০০ টাকা


## বঙ্গভবনে অফিস, স্পিকারের বাসভবনে থাকবেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি

**স্টাফ রিপোর্টার :** বঙ্গভবনে অফিস করবেন ও সংসদ ভবনে স্পিকারের বাসভবনে থাকবেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ। এক আলাপকালে তিনি এই কথা জানান। এর আগে শুক্রবার বিকেল থেকেই সংসদ প্রাঙ্গণে স্পিকারের বাসভবন এবং তার চারপাশে রাষ্ট্রপতির নিরাপত্তায় নিয়োজিত বিশেষ নিরাপত্তাব্যবস্থা বলবৎ হয়েছে। এদিন মো. সাহাবুদ্দিন স্বাস্থ্যগত কারণে রাষ্ট্রপতি পদ থেকে পদত্যাগ করলে সংবিধান অনুয়ায়ী স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, রবিবার সকাল সাড়ে ১১টায় ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ সাভারে জাতীয় স্মৃতিসৌধে বীর শহীদদের জাতীয় স্মৃতিস্তম্ভে পুষ্প অর্পণ করবেন এবং দুপুর সাড়ে ১২টায় শেরেবাংলানগরে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কবরে শ্রদ্ধা নিবেদন এবং জিয়ারত করবেন।

## আজ স্মৃতিসৌধ ও জিয়া-খালেদার সমাধিতে শ্রদ্ধা ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির

**স্টাফ রিপোর্টার :** আজ জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করবেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ (বীর বিক্রম)। পরে তিনি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানাবেন।

শনিবার (২৫ জুলাই) বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানান।

শায়রুল কবির খান বলেন, রোববার (২৬ জুলাই) বেলা ১১টায় জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করবেন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমেদ। এরপর দুপুর সাড়ে ১২টায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তম ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানাবেন তিনি।

## জামায়াত জোট ছাড়ল খেলাফত মজলিস

**স্টাফ রিপোর্টার :** জামায়াত নেতৃত্বাধীন ১১-দলীয় ঐক্য ছাড়ল খেলাফত মজলিস। শনিবার (২৫ জুলাই) সকালে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে দলটির কেন্দ্রীয় মজলিসে শূরার তৃতীয় সাধারণ অধিবেশনে এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানিয়েছেন প্রচার সম্পাদক প্রকৌশলী আব্দুল হাফিজ খসরু।

এক বিজ্ঞপ্তিতে তিনি বলেন, এখন থেকে ১১-দলীয় ঐক্যের যাবতীয় কর্মসূচি থেকে খেলাফত মজলিস বিরত থাকবে। তবে ভবিষ্যতে বৃহত্তর ঐক্য গড়ে তোলার প্রয়োজন হলে বিষয়টি তারা বিবেচনা করবে।

ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, ১১-দলীয় ঐক্য ছিল মূলত নির্বাচনী সমঝোতা। নির্বাচন শেষ হয়ে যাওয়ায় এ ঐক্যের কার্যকারিতা বস্তুত শেষ হয়ে যায়।

তবুও নির্বাচন শেষ হওয়ার পর ১১-দলীয় কিছু কর্মসূচিতে খেলাফত মজলিস অংশ নেয়। এখন থেকে ১১-দলীয় ঐক্যের যাবতীয় কর্মসূচি থেকে খেলাফত মজলিস বিরত থাকার সিদ্ধান্ত নিয়েছে। ভবিষ্যতে দেশ, জাতি ও ইসলামের জন্য প্রয়োজন হলে বৃহত্তর ঐক্য গড়ে তোলার প্রয়াস-প্রচেষ্টা অব্যাহত

(শেষের পাতায় দেখুন)

## ২৪ ঘণ্টায় হাম সন্দেহে ঢাকায় ছয়জনের মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** গত ২৪ ঘণ্টায় হাম সন্দেহে ঢাকা জেলায় ছয়জনের মৃত্যু হয়েছে।

শনিবার (২৫ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা ৬১৩ জন এবং গত ১৫ মার্চ থেকে ২৫ জুলাই পর্যন্ত সন্দেহজনক হামরোগীর সংখ্যা এক লক্ষ ২২ হাজার ৭৬৩ জন।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামরোগীর সংখ্যা ৭৮ জন, গত ১৫ মার্চ থেকে ২৫ জুলাই পর্যন্ত নিশ্চিত হামরোগীর সংখ্যা ১৫ হাজার ২৭২ জন।

গত ১৫ মার্চ থেকে ২৪ জুলাই পর্যন্ত সন্দেহজনক হাম রোগে হাসপাতালে ভর্তি হয়েছেন এক লাখ পাঁচ হাজার ২৯৮ জন। একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন এক লাখ এক হাজার ৫৩৫ জন।

(শেষের পাতায় দেখুন)




*প্রধানমন্ত্রী তারেক রহমান রাজধানীর তেজগাঁওয়ে নভোথিয়েটারে আয়োজিত দু'দিনব্যাপী 'ন্যাশনাল সেমিকন্ডাক্টর সিম্পোজিয়াম অ্যান্ড বিইএআর সামিট ২০২৬-এর উদ্বোধন অনুষ্ঠানে বক্তৃতা করেন। -পিআইডি*

# পোশাক শিল্পের পর সেমিকন্ডাক্টর হতে পারে অর্থনীতির নতুন গন্তব্য: প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** তৈরি পোশাক শিল্পের পর সেমিকন্ডাক্টর শিল্পই হতে পারে বাংলাদেশের অর্থনীতির আরেকটি সম্ভাবনাময় গন্তব্য। এ লক্ষ্য পূরণে সেমিকন্ডাক্টর শিল্পের সব ধরনের কাঁচামালের ওপর শুল্ক প্রত্যাহার এবং রপ্তানি আয়ের ওপর নগদ প্রণোদনা চালুর উদ্যোগ নিয়েছে সরকার।

পাশাপাশি নতুন উদ্যোক্তাদের জন্য বছরে ৫০০ কোটি টাকার স্টার্টআপ অনুদান বরাদ্দ রাখা হয়েছে।

শনিবার (২৫ জুলাই) 'ন্যাশনাল সেমিকন্ডাক্টর সিম্পোজিয়াম অ্যান্ড বায়োটেকনোলজি, ইলেকট্রনিক্স, এআই অ্যান্ড রোবোটিক্স সামিট'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী তারেক রহমান এসব কথা বলেন।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে দুই দিনব্যাপী এ সামিটের আয়োজন করা হয়। প্রধানমন্ত্রী এ আয়োজনকে 'আগামীর প্রযুক্তিনির্ভর বাংলাদেশ বিনির্মাণের অন্যতম কারিগরদের মিলনমেলা' হিসেবে অভিহিত করেন।

তিনি বলেন, বর্তমান সরকার এমন একটি বাংলাদেশ গড়ে তুলতে চায়, যা হবে স্বনির্ভর, সমৃদ্ধ ও প্রযুক্তিনির্ভর। মেধাভিত্তিক বাংলাদেশের সম্ভাবনার বার্তা বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের কাছে পৌঁছে দিতে চায় সরকার।

বিশ্ববাজারে সেমিকন্ডাক্টরের ক্রমবর্ধমান চাহিদার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), রোবোটিক্স ও স্বয়ংক্রিয় প্রযুক্তি মিলেই চতুর্থ ও পঞ্চম শিল্পবিপ্লবের ভিত্তি তৈরি করেছে। সেমিকন্ডাক্টর শুধু একটি শিল্প নয়, এটি আধুনিক সভ্যতার ভিত্তি। মোবাইল ফোন থেকে শুরু করে মহাকাশের স্যাটেলাইট-সবকিছুর কেন্দ্রেই রয়েছে মাইক্রোচিপ।

তিনি বলেন, ২০২৬ সালের মধ্যেই বৈশ্বিক সেমিকন্ডাক্টর বাজারের আকার এক ট্রিলিয়ন মার্কিন ডলারে পৌঁছাবে। এ বাজারে প্রবেশের জন্য বাংলাদেশের

(শেষের পাতায় দেখুন)

## পরবর্তী রাষ্ট্রপতি কে, স্ট্যান্ডিং কমিটির মিটিংয়ের পর চূড়ান্ত সিদ্ধান্ত : মির্জা ফখরুল



**স্টাফ রিপোর্টার :** আগামীতে দেশের নতুন রাষ্ট্রপতি কে হবেন বিএনপির দলীয় নাকি বাইরের কেউ, তা নির্ধারণ করা হবে দলের নীতি নির্ধারণী ফোরামের বৈঠকে। সংবিধান ও প্রয়োজনীয় আইন মেনে দলের স্থায়ী কমিটির বৈঠকে আলোচনা শেষে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানা যাবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শনিবার (২৫ জুলাই) দুপুরে বগুড়ায় পল্লী উন্নয়ন একাডেমির (আরডিএ) ৩৪তম বার্ষিক পরিকল্পনা সম্মেলনের উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

রাষ্ট্রপতি পদত্যাগ করার পর বিএনপির পক্ষে কাকে মনোনয়ন দেওয়া হতে পারেড় সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মির্জা ফখরুল বলেন, এ বিষয়ে বিএনপি সভা করবে, স্ট্যান্ডিং কমিটির মিটিং হবে। আমাদের তো কোনো মিটিংই হয়নি এখনো। বৈঠকের পরই বিএনপির চূড়ান্ত সিদ্ধান্ত জানা যাবে।

(শেষের পাতায় দেখুন)

## সাহাবুদ্দিনের পদত্যাগ ও হাফিজ উদ্দিন আহমদের রাষ্ট্রপতির দায়িত্বের প্রজ্ঞাপন জারি



**স্টাফ রিপোর্টার :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগ ও রাষ্ট্রপতির পদে জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদের রাষ্ট্রপতির দায়িত্ব পালন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।

শুক্রবার (২৪ জুলাই) জারি করা দুটি প্রজ্ঞাপন শনিবার (২৫ জুলাই) প্রকাশ করা হয়েছে।

মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি সই করা প্রজ্ঞাপনে বলা হয়, বাংলাদেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন শুক্রবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫০(৩) অনুচ্ছেদ অনুযায়ী স্বীয় পদ ত্যাগ করেছেন। এ পদত্যাগ অবিলম্বে কার্যকর হবে।

অপর প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন শুক্রবার রাষ্ট্রপতির পদ ত্যাগ করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৪ অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম রাষ্ট্রপতির দায়িত্ব পালন করবেন। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(শেষের পাতায় দেখুন)

## নতুন রাষ্ট্রপতি কে হবেন, সিদ্ধান্ত নেবে বিএনপির নীতিনির্ধারণী ফোরাম

-------------- রিজভী

**স্টাফ রিপোর্টার :** দেশের পরবর্তী রাষ্ট্রপতি কে হবেন, সে বিষয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) উচ্চপর্যায়ের নীতিনির্ধারণী ফোরাম সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম-মহাসচিব ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা রুহুল কবির রিজভী। তিনি বলেন, যথাসময়ে দলের চূড়ান্ত সিদ্ধান্ত দেশবাসীকে জানানো হবে।

শনিবার (২৫ জুলাই) দুপুরে রাজধানীর শেরেবাংলা নগরে বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণ, ফাতেহা পাঠ ও দোয়া শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রিজভী এ কথা বলেন। এ সময় আগের দিন সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়া ১২ কর্মকর্তাও তার সঙ্গে উপস্থিত ছিলেন।

রিজভী বলেন, গতকাল সরকারের বিভিন্ন সংস্থায় যাদের দায়িত্ব দেওয়া হয়েছে, তারা দীর্ঘদিন ধরে বিএনপির রাজনীতির সঙ্গে সম্পৃক্ত ছিলেন। সাম্প্রতিক আন্দোলনে দলের নেতা-কর্মীদের অবদান ও

(শেষের পাতায় দেখুন)

## 'ককরোচদের' বিক্ষোভের মুখে ভারতের শিক্ষামন্ত্রীর পদত্যাগ

**আন্তর্জাতিক ডেস্ক:**

ককরোচ জনতা পার্টি (সিজেপি) এবং বিরোধী দলগুলোর ব্যাপক বিক্ষোভের মুখে অবশেষে আজ শনিবার দুপুরের দিকে পদত্যাগ করেছেন ভারতের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। তিনি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে পদত্যাগপত্র পাঠিয়ে দিয়েছেন। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া পোস্টে ধর্মেন্দ্র নিজে এ তথ্য নিশ্চিত করেছেন। এক্সে দেওয়া পোস্টে ধর্মেন্দ্র লেখেনড়প্রথম দিন থেকেই আমি এর দায় নিয়েছি এবং পরিস্থিতি থেকে কখনো মুখ ঘুরিয়ে নিইনি। দিল্লির যন্তর মন্তরে ককরোচ জনতা পার্টির (সিজেপি) চলমান আন্দোলনে অংশ নিয়ে জাপানি মাঙ্গা সিরিজ 'ওয়ান পিস'-এর প্রতীকসংবলিত পোস্টার হাতে দাঁড়িয়ে আছেন।




*তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন রাজধানীর একটি হোটেলে GLOBAL CONFERENCE AL LEADERSHIP & FLAGSHIP PRESTIGE AWARDS 2026-উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন। -পিআইডি*

## আন্দোলনের জন্য ডাক আসবে, ঘরে ঘরে দুর্গ গড়ে তুলতে হবে : জামায়ত আমির



**স্টাফ রিপোর্টার :** বিরোধী দলীয় প্রধান ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আন্দোলনের জন্য ডাক আসবে। ঘরে ঘরে দুর্গ গড়ে তুলতে হবে। দেশ থেকে ফ্যাসিবাদ, চাঁদাবাজ আর দুর্নীতিবাজ দূর না হওয়া পর্যন্ত আমাদের লড়াই তীব্র থেকে তীব্রতর হবে।

সিলেটবাসীকে লড়াইয়ের জন্য প্রস্তুত থাকার আহ্বান জানিয়ে শনিবার (২৫ জুলাই) ১১ দলীয় জোটের সমাবেশে তিনি এসব কথা বলেন।

এসময় বিএনপি সরকারকে উদ্দেশ্য করে জামায়াতে ইসলামীর আমির বলেছেন, ভালোয় ভালোয় আমাদের দাবি মেনে নিন। যদি না মানেন, তাহলে এই দেশের মানুষ জীবন দিয়ে, পঙ্গুত্ব বরণ করে, গুলি খেয়ে, শিখে নিয়েছে মুক্তির পথে কিভাবে হাঁটতে হয়।

তিনি আরও বলেন, এখন যারা সরকার গঠন করেছে, তারাও মজলুম ছিলেন। কিন্তু তারা ভুলে গেছেন। সেই ফ্যাসিবাদী আওয়ামী লীগের পথ ধরেই তারা হাঁটা শুরু করেছেন।

ডা. শফিকুর রহমান বলেন, আমরা আমাদের শহীদদের সঙ্গে বেইমানি করবো না। জুলাই যোদ্ধাদের সঙ্গে বেইমানি করবো না।

(শেষের পাতায় দেখুন)

## এআইয়ের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক টিকিয়ে রাখাই বর্তমানের বড় চ্যালেঞ্জ : তথ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ইতিবাচক ও দায়িত্বশীল প্রয়োগ নিশ্চিত করার ওপর জোর দিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন।

তিনি বলেছেন, বর্তমান যুগে আমাদের প্রধান চ্যালেঞ্জ হলো এআইকে নিজেদের বন্ধু হিসেবে গড়ে তোলা এবং এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে দীর্ঘস্থায়ী করা।

শিক্ষা, গবেষণা, গণমাধ্যম থেকে শুরু করে তথ্য ব্যবস্থাপনার সব শাখাতেই এর সঠিক ব্যবহার প্রয়োজন।

শনিবার (২৫ জুলাই) দুপুরে রাজধানীর একটি হোটেলে আয়োজিত এক বৈশ্বিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।

'এআই লিডারশিপ ও ফ্ল্যাগশিপ প্রেস্টিজ অ্যাওয়ার্ডস ২০২৬' শীর্ষক এই অনুষ্ঠানের আয়োজন করে কানাডাভিত্তিক সংগঠন ইউনিভার্সাল হিউম্যানিটি ফাউন্ডেশন (ইউএইচএফ)।

জহির উদ্দিন স্বপন বলেন, মানবসভ্যতায় এখন এক নতুন অনুষঙ্গ হিসেবে যুক্ত হয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা।

মানবজাতির কল্যাণে এই প্রযুক্তিকে কীভাবে কাজে লাগানো যায় এবং এর সঙ্গে মানুষের সহাবস্থান কেমন হবে তা নিয়ে এখনই সুনির্দিষ্ট প্রস্তুতি গ্রহণ করতে হবে।

এআই আমাদের জন্য আশীর্বাদ হবে নাকি ভবিষ্যৎ বিপর্যয়ের কারণ হবে, সেটি সম্পূর্ণ নির্ভর করছে আমাদের দায়িত্বশীল আচরণ ও সঠিক জ্ঞান প্রয়োগের ওপর।

(শেষের পাতায় দেখুন)

## রাশিয়া-চীন ইরানকে সাহায্য করলে পরিণতি হবে ভয়াবহ : ট্রাম্প

**আন্তর্জাতিক ডেস্ক:**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, চলমান পশ্চিম এশিয়ার সংঘাতে রাশিয়া ও চীন ইরানকে সমর্থন দিচ্ছে বলে তিনি মনে করেন না। তবে ভবিষ্যতে এই দুই দেশ যদি সরাসরি ইরানের পক্ষে জড়িয়ে পড়ে, তাহলে তার পরিণতি তাদের জন্য 'খুবই খারাপ' হবে বলে সতর্ক করেছেন তিনি। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে

(শেষের পাতায় দেখুন)

## বিগত সরকারের সীমাহীন অনিয়মে স্বাস্থ্যসেবা ভেঙে পড়েছিল : স্বাস্থ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, 'বিগত সরকারের সময়ে সীমাহীন অনিয়ম, দুর্নীতি ও অর্থ লুটপাটের কারণে স্বাস্থ্যসেবা ব্যবস্থা ভেঙে পড়েছিল। সেই অবস্থা থেকে উত্তরণে বর্তমান সরকার চিকিৎসা সেবার মানোন্নয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে কাজ করছে।'

শনিবার (২৫ জুলাই) দুপুরে বাগেরহাটের মোরেলগঞ্জ ৫০ শয্যা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আকস্মিক পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, আমরা জনগণের দ্বারপ্রান্তে স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে ৫০ শয্যা হাসপাতালকে ১০১ শয্যায় উন্নীত করেছি। কিছুদিনের মধ্যেই মোরেলগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সটি ১০১ শয্যার টেন্ডার প্রক্রিয়ায় কার্যক্রম শুরু হবে।

(শেষের পাতায় দেখুন)

## জনগণের ভোগান্তি কমাতে সরকার নিরলসভাবে কাজ করছে: বাণিজ্যমন্ত্রী



**স্টাফ রিপোর্টার :** বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, জনগণের ভোগান্তি কমাতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জলাবদ্ধতা নিরসনে শহরের ছড়াগুলো সংরক্ষণ করতে হবে। পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করতে এবং বর্ষাকালে বন্যা ও জলাবদ্ধতা নিয়ন্ত্রণে নিয়মিত খাল খনন ও রক্ষণাবেক্ষণ জরুরি।

তিনি বলেন, পানির উৎস থেকে নদী পর্যন্ত প্রাকৃতিক প্রবাহের সুষ্ঠু পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমেই জলাবদ্ধতার স্থায়ী সমাধান সম্ভব।

শনিবার (২৫ জুলাই) দুপুরে সিলেট সার্কিট হাউসে সড়ক ও জনপথ বিভাগ এবং সিলেট সিটি করপোরেশনের কর্মকর্তাদের সঙ্গে অনুষ্ঠিত যৌথ সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, সিলেটের সড়ক উন্নয়ন প্রকল্পসমূহ চলমান রয়েছে। সিলেট থেকে ফেঞ্চুগঞ্জ হয়ে মৌলভীবাজারগামী সড়কটি আরও প্রশস্ত করা হবে। একইভাবে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে লাক্কাতুরা এবং লাক্কাতুরা থেকে টিবি গেট পর্যন্ত একটি বিকল্প সড়ক নির্মাণের পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে।

তিনি আরও বলেন, জনগণের ভোগান্তি কমাতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় সিলেট শহরের যানজট নিরসনে আম্বরখানা থেকে লাক্কাতুরা পর্যন্ত সড়ক নির্মাণের নতুন প্রকল্প হাতে নেওয়া হয়েছে, যা সিলেটবাসীর জন্য আশীর্বাদস্বরূপ হবে।

## ডেঙ্গুতে একজনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ৪৩৯

**স্টাফ রিপোর্টার :** গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে, একই সময়ে ৪৩৯ জন ডেঙ্গুরোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন।

শনিবার (২৫ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে ঢাকা বিভাগে ১৬৪ জন, ময়মনসিংহ বিভাগে ১৯ জন, চট্টগ্রাম বিভাগে ৭৫ জন, খুলনা বিভাগে ৪১ জন, রাজশাহী বিভাগে ২৬ জন, রংপুর বিভাগে ৩০ জন, বরিশালে বিভাগে ১৩ জন এবং সিলেট বিভাগের এক জন রয়েছেন।

চলতি বছরের ২৫ জুলাই পর্যন্ত মোট ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১২ হাজার ৬৪০ জন।

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে।




NDF
(Reg. S-9479/09)
Public Media & Human Rights Organization

# দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR

ঢাকা রবিবার ২৬ জুলাই ২০২৬ ইং ॥ ১১ শ্রাবণ ১৪৩৩ বাংলা

আলহাজ্ব কাজী আমেনা আকবর ফাউন্ডেশন
AL-HAJ KAZI AMENA AKBAR FOUNDATION
Public Media & Human Rights Organization

## গ্যাস সরবরাহে ঘাটতি, সংকট কাটছে না দ্রুত




**স্টাফ রিপোর্টার :** দেশের একটি ভাসমান এলএনজি টার্মিনাল বা ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিটে (এফএসআরইউ) কারিগরি সমস্যার কারণে জাতীয় গ্যাস গ্রিডে গ্যাস সরবরাহ সাময়িকভাবে বন্ধ রয়েছে। এতে জাতীয় গ্রিডে দৈনিক প্রায় ৪৫০ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) গ্যাস সরবরাহ কমে গেছে। ফলে দেশের বিভিন্ন অঞ্চলের শিল্পকারখানা, বিদ্যুৎকেন্দ্র, সিএনজি স্টেশনসহ বিভিন্ন শ্রেণির গ্রাহক গ্যাস সংকটে পড়েছেন। গ্যাসের সরবরাহ কমে যাওয়ায় সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছেন আবাসিক গ্রাহকরা। রাজধানীসহ বিভিন্ন এলাকায় বাসাবাড়িতে গ্যাসের চাপ কমে যাওয়ায় অনেক পরিবার রান্না করতে পারছে না। বাধ্য হয়ে কেউ বৈদ্যুতিক চুলা, কেউ এলপিজি সিলিন্ডার আবার কেউ মাটির চুলা বা অন্যান্য বিকল্প ব্যবস্থায় রান্না করছেন।

রাজধানীর বিভিন্ন এলাকার গৃহিণীরা জানান, দিনের বেশিরভাগ সময় চুলায় গ্যাস থাকছে না। ফলে সময়মতো রান্না করা সম্ভব হচ্ছে না। অনেক সময় চুলায় সামান্য আগুন জ্বললেও তা দিয়ে রান্না করা যাচ্ছে না। এতে পরিবারের দৈনন্দিন কাজ ব্যাহত হচ্ছে।

মিরপুরের গৃহিণী আসমা শুক্রবার বলেন, সকাল থেকে চুলায় গ্যাসের চাপ নেই। অনেকক্ষণ অপেক্ষা করেও রান্না করতে পারিনি। শেষ পর্যন্ত বাধ্য হয়ে বাইরে থেকে খাবার কিনে আনতে হয়েছে।

যাত্রাবাড়ীর বাসিন্দা মিতু বলেন, বাসায় গ্যাস থাকলেও এত কম চাপ যে রান্না করা যায় না। এখন বিকল্পভাবে রান্না করতে হচ্ছে। এতে বাড়তি খরচ হচ্ছে।

এদিকে গ্যাস সংকটে সিএনজি স্টেশনগুলোতেও দেখা দিয়েছে দীর্ঘ সারি। ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করেও অনেক চালক গ্যাস পাচ্ছেন না। ফলে যাত্রী নিয়ে রাস্তায় বের হতে না পেরে অনেকেই আয়-রোজগার থেকে বঞ্চিত হচ্ছেন।

রাজধানীর শাহবাগে সিএনজি স্টেশনে দীর্ঘ সময় অপেক্ষা করা গাড়িচালক আমিনুর বলেন, 'ভোরে এসে লাইনে দাঁড়িয়েছি। কয়েক ঘণ্টা হয়ে গেছে, এখনো গ্যাস পাইনি। এভাবে সারাদিন চলে গেলে আজ কোনো আয় হবে না।'

আরেক চালক ইকরাম বলেন, 'গ্যাসের জন্য ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থাকতে হচ্ছে। গ্যাস না পেয়ে গাড়ি চালাতে পারছি না। এতে আমাদের দৈনিক আয় কমে যাচ্ছে।'

সিএনজিচালিত গাড়ি চালকদের অভিযোগ, গ্যাস সংকটের কারণে একদিকে যেমন দীর্ঘ সময় স্টেশনে অপেক্ষা করতে হচ্ছে, অন্যদিকে গ্যাস না পাওয়ায় যাত্রী পরিবহনও ব্যাহত হচ্ছে। এতে তাদের দৈনিক আয় উল্লেখযোগ্যভাবে কমে গেছে।

গ্যাস সরবরাহ কমে যাওয়ায় শিল্পকারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে। শিল্প উদ্যোক্তারা বলছেন, গ্যাসের চাপ কম থাকায় কারখানার উৎপাদন সক্ষমতা কমে গেছে। কোনো কোনো কারখানায় উৎপাদন আংশিকভাবে বন্ধ রাখতে হচ্ছে। এতে উৎপাদন ক্ষতির পাশাপাশি শ্রমিক ও কর্মীদের কাজেও প্রভাব পড়ছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, কক্সবাজারের মহেশখালীতে থাকা একটি ভাসমান এলএনজি টার্মিনালে কারিগরি ত্রুটির কারণে গ্যাস সরবরাহ কমে গেছে। এ কারণে জাতীয় গ্যাস গ্রিডে দৈনিক প্রায় ৪৫০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ ঘাটতি তৈরি হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত বিভিন্ন শ্রেণির গ্রাহককে গ্যাস সংকটের মুখে পড়তে হতে পারে।

এদিকে গ্যাস সংকটের কারণে একদিকে যেমন আবাসিক গ্রাহকদের রান্নাবান্না ব্যাহত হচ্ছে, অন্যদিকে সিএনজিচালক, শিল্প উদ্যোক্তা ও বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্টরাও ক্ষতির মুখে পড়েছেন। দ্রুত এলএনজি টার্মিনালের কারিগরি সমস্যা সমাধান করে গ্যাস সরবরাহ স্বাভাবিক করার দাবি জানিয়েছেন ভুক্তভোগীরা।

যা বলছে সরকার

বুধবার বিকেলে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, সরবরাহ কমে যাওয়ার প্রভাব দেশের বিভিন্ন অঞ্চলের শিল্পকারখানা, বিদ্যুৎকেন্দ্র ও সিএনজি স্টেশনসহ অন্যান্য গ্রাহকের ওপর পড়েছে। কোনো কোনো এলাকায় গ্যাসের চাপ কমে যাওয়ায় সিএনজি স্টেশনগুলো প্রয়োজনীয় পরিমাণ গ্যাস গ্রহণ করতে পারছে না। এতে কয়েকটি স্থানে সিএনজি সংগ্রহে দীর্ঘ সারি ও সাময়িক জনদুর্ভোগ সৃষ্টি হয়েছে।

এফএসআরইউটির কারিগরি সমস্যা দ্রুত নিরসন করে গ্যাস সরবরাহ স্বাভাবিক করতে সংশ্লিষ্ট সংস্থা ও কারিগরি বিশেষজ্ঞরা সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করছেন। একই সঙ্গে সীমিত সরবরাহের সর্বোত্তম ব্যবস্থাপনার মাধ্যমে জরুরি ও অগ্রাধিকার খাতগুলোতে গ্যাস সরবরাহ অব্যাহত রাখার চেষ্টা চলছে।

## যুক্তরাষ্ট্র- ইরান সমঝোতায় মরিয়া পাকিস্তান, এবার প্রচেষ্টায় যুক্ত হচ্ছে চীন

আন্তর্জাতিক ডেস্ক

প্রায় পাঁচ মাস ধরে চলা যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধের অবসানে স্থগিত হয়ে যাওয়া আলোচনা আবার শুরুর পথ খুঁজছে পাকিস্তান। দেশটির তিনটি সূত্র জানিয়েছে, চীনের উদ্যোগে নতুন করে এ কূটনৈতিক প্রচেষ্টা শুরু হয়েছে।

সূত্রগুলো জানায়, এ সপ্তাহে ইরানের স্বরাষ্ট্রমন্ত্রী এসকান্দার মোমেনির ইসলামাবাদ সফরের সময় বিষয়টি নিয়ে প্রাথমিক আলোচনা হয়েছে। গত ১০ দিনের মধ্যে এটি ছিল তার দ্বিতীয় পাকিস্তান সফর।

ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর ঘনিষ্ঠ হিসেবে পরিচিত মোমেনি পাকিস্তানের শীর্ষ সরকারি কর্মকর্তাদের পাশাপাশি সেনাপ্রধান আসিম মুনিরের সঙ্গেও বৈঠক করেন। তবে সূত্রগুলো জানিয়েছে, যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন করে আলোচনা শুরু করার পথে এখনো বড় ধরনের বাধা রয়েছে।

মধ্যস্থতাকারী হিসেবে পাকিস্তানের অবস্থানও বেশ জটিল। চলতি সপ্তাহেই ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহী গোষ্ঠী সৌদি আরবের বিরুদ্ধে নৌ অবরোধের ঘোষণা দিয়েছে।

## বাংলাদেশি শিক্ষার্থীদের নেদারল্যান্ডস ভিসা প্রত্যাখ্যান নিয়ে উদ্বেগ পররাষ্ট্রমন্ত্রীর



**স্টাফ রিপোর্টার :** নেদারল্যান্ডসের পররাষ্ট্রমন্ত্রী টম বেরেন্ডসের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। তারা দুই দেশের দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদারের উপায় নিয়ে আলোচনা করেছেন।

শুক্রবার (২৪ জুলাই) ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় দক্ষিণ-পূর্ব এশিয়ার বন্ধুত্ব ও সহযোগিতা চুক্তির (টিএসি) ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের সাইডলাইনে এ বৈঠক হয়েছে।

বৈঠকে দুই পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশ-নেদারল্যান্ডস দ্বিপক্ষীয় সম্পর্ক পর্যালোচনা করেন এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও সম্প্রসারণের উপায় নিয়ে আলোচনা করেন। আলোচনায় বিশেষভাবে সার্কুলার অর্থনীতি, বৈধ অভিবাসন এবং ব-দ্বীপ উন্নয়নে প্রযুক্তি হস্তান্তর বিষয়ে সহযোগিতার ওপর গুরুত্বারোপ করা হয়।

খলিলুর রহমান নেদারল্যান্ডসে উচ্চশিক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া বাংলাদেশি শিক্ষার্থীদের ভিসা প্রক্রিয়ায় বিলম্ব এবং ভিসা আবেদন ক্রমবর্ধমান হারে প্রত্যাখ্যানের বিষয়েও উদ্বেগ প্রকাশ করেন। তিনি নেদারল্যান্ডসের বিশ্ববিদ্যালয়গুলোতে উচ্চশিক্ষা নিতে আগ্রহী বাংলাদেশি শিক্ষার্থীদের সুবিধার্থে এ সমস্যার সমাধানে ডাচ সরকারের সহযোগিতা কামনা করেন।

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশি অ্যাপোস্টিল নথিপত্র সংক্রান্ত বিষয়ও উত্থাপন করে এ-সংক্রান্ত ব্যবস্থা প্রত্যাহারের অনুরোধ জানান। জবাবে নেদারল্যান্ডসের পররাষ্ট্রমন্ত্রী বিষয়গুলো সন্তোষজনকভাবে সমাধানের লক্ষ্যে সেগুলো পর্যালোচনা করার আশ্বাস দেন।

## মাদক ও কিশোর গ্যাং সামাজিক ব্যাধিতে পরিণত হয়েছে : পরিবেশমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** মাদক ও কিশোর গ্যাং সারা দেশে সামাজিক ব্যাধিতে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন পরিবেশমন্ত্রী আবদুল আউয়াল মিন্টু। তিনি বলেছেন, প্রধানমন্ত্রী ইতিমধ্যে নতুন কুঁড়ি স্পোর্টস শুরু করেছেন। খেলাধুলার মাধ্যমে ছেলে-মেয়েদের শারীরিক ও মনস্তাত্ত্বিক বিকাশে ভূমিকা রাখবে। পাশাপাশি মাদক ও কিশোর গ্যাং থেকেও তাদের দূরে রাখা যাবে।

শনিবার (২৫ জুলাই) দুপুরে ফেনী শহরের একটি কনভেনশন হলে চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির শপথ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ব্যবসা-বাণিজ্য প্রসারের বিষয়ে তিনি বলেন, ব্যবসা-বাণিজ্য প্রসারের জন্য অনুকূল আইন-শৃঙ্খলা পরিস্থিতি, রাজনৈতিক স্থিতিশীলতা ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

এগুলো ভালো না হলে কোনো কিছুই ভালো হবে না। দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নেওয়ার জন্য আমাদের প্রধানমন্ত্রীর চেষ্টার কোনো ত্রুটি নেই।

তিনি বলেন, একটি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্পদ বৃদ্ধি হয় একমাত্র ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের মাধ্যমে হয়। সম্পদের ভাগ-বাটোয়ারা বা বিলি বণ্টন করা যায়, কিন্তু দারিদ্র্যের এমন বণ্টন করা সম্ভব নয়।

একটি দেশ ও সমাজের জন্য সম্পদ সৃষ্টি অত্যন্ত জরুরি। এজন্য ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের প্রসার ঘটাতে হবে।

পরিবেশমন্ত্রী বলেন, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থাপনা সমন্বয় না হলে কোনো সমাজ উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি সম্ভব না। যখন ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে তখন সামাজিক বৈষম্যও কমে যাবে। বাড়িতে বসে থাকলে কর্মসংস্থান হবে না।

সেজন্য ব্যবসা-বাণিজ্য প্রসারে ব্যবসায়ীদের ব্যবসার কাজটি করতে দিতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন ফেনী-২ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক জয়নাল আবেদিন, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য রেহানা আক্তার রানু, জেলা প্রশাসক মনিরা হক, পুলিশ সুপার প্রত্যুষ কুমার মজুমদার, জেলা পরিষদের প্রশাসক অধ্যাপক এম এ খালেক প্রমুখ। এ ছাড়া বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, রাজনৈতিক দলের নেতাকর্মীসহ সংশ্লিষ্ট সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।




## অচিরেই গ্যাস সরবরাহ স্বাভাবিক হবে

### ---জ্বালানী প্রতিমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, কারিগরি ত্রুটির কারণে জাতীয় গ্যাস গ্রিডে গ্যাস সরবরাহে যে সাময়িক সমস্যা সৃষ্টি হয়েছে, তা দ্রুততম সময়ের মধ্যে সমাধানের জন্য সর্বশক্তি নিয়োগ করা হয়েছে।

তিনি বলেন, অচিরেই গ্যাস সরবরাহ সম্পূর্ণ স্বাভাবিক হবে এবং পাওয়ার প্লান্ট, শিল্পকারখানা, বাসাবাড়ি ও সিএনজি স্টেশনে গ্যাসের চাপ আগের মতো ফিরে আসবে বলে তিনি আশ্বস্ত করেছেন। শনিবার দুপুরে যশোরের জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত 'সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ও অপতথ্য প্রতিরোধ' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। গ্যাস সরবরাহের বর্তমান পরিস্থিতি তুলে ধরে প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেন, 'দেশের দুটি এফএসআরইউ বা ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিটের মাধ্যমে আমদানিকৃত এলএনজি গ্যাসে রূপান্তর করে জাতীয় গ্রিডে সরবরাহ করা হয়। এই গ্যাসের ওপর ভিত্তি করেই বিদ্যুৎকেন্দ্র ও শিল্পকারখানা সচল থাকে এবং রাজধানীতে গৃহস্থালির রান্নার কাজ চলে। বর্তমানে একটি এফএসআরইউতে কারিগরি সমস্যা দেখা দিয়েছে উল্লেখ করে তিনি জানান, এটি মেরামতের জন্য একটি বেসরকারি কোম্পানি ও পেট্রোবাংলা একযোগে কাজ করছে এবং সরকারের জ্বালানি বিভাগ সার্বক্ষণিক তদারকি করছে।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় জ্বালানি প্রতিমন্ত্রী সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব প্রতিরোধে নৈতিক শিক্ষার প্রসারের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি বলেন, নৈতিক মূল্যবোধের অভাব থেকেই রাজনৈতিক ও সামাজিক প্রতিপক্ষকে ঘায়েল করতে একশ্রেণির মানুষ গুজব ও অপতথ্য ছড়াচ্ছে। এই ধরনের অপপ্রচার রোধ করতে সমাজে নৈতিক শিক্ষার চর্চা বাড়াতে হবে। প্রতিমন্ত্রী আরও বলেন, অতীতে সমাজে নৈতিক শিক্ষার যে শক্তিশালী ভিত ছিল, বর্তমানে প্রাতিষ্ঠানিক ও বৈষয়িক অগ্রগতি হলেও সেই মূল্যবোধের জায়গায় কিছুটা ঘাটতি দেখা দিয়েছে। সমাজের সেই নৈতিক মূল্যবোধের জায়গাটি পুনরুদ্ধার করতে হবে। এ সময় তিনি প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় গড়ে তুলতে শিক্ষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের আহ্বান জানান এবং সমাজের বিভিন্ন স্তরে দায়িত্বশীল ব্যক্তিদের নিজ নিজ অবস্থান থেকে সচেতনতা তৈরির তাগিদ দেন।

যশোর জেলা প্রশাসন আয়োজিত মতবিনিময় সভায় জেলা প্রশাসক মোহাম্মদ আশেক হাসানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম।

## পোশাক শিল্পের পর

(প্রথম পাতার পর)

সামনে অপার সুযোগ রয়েছে। ২০৩০ সালের মধ্যে সেমিকন্ডাক্টর শিল্প থেকে রপ্তানি আয়ের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, বাংলাদেশ তা অর্জন করতে সক্ষম হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সেমিকন্ডাক্টর খাতকে একটি 'সম্মিলিত জাতীয় মিশন' ও অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, চলতি বাজেটে এ শিল্পের সঙ্গে সংশ্লিষ্টদের চাহিদা অনুযায়ী সব ধরনের সুবিধা নিশ্চিত করা হয়েছে। সেমিকন্ডাক্টর শিল্পের কাঁচামালের ওপর সব ধরনের শুল্ক প্রত্যাহার করা হয়েছে। এছাড়া ডিজাইন সার্ভিস রপ্তানি আয়ের ওপর নগদ প্রণোদনা এবং নতুন উদ্যোক্তাদের জন্য প্রথমবারের মতো বছরে ৫০০ কোটি টাকার স্টার্টআপ অনুদান বরাদ্দ রাখা হয়েছে। এরই মধ্যে কয়েকটি অনুদান বিতরণও করা হয়েছে।

ব্যবসাবান্ধব পরিবেশ তৈরিতে সরকারের পরিকল্পনার কথা তুলে ধরে তিনি বলেন, বিনিয়োগবান্ধব নীতি, কর ও বন্ড-সুবিধা প্রদান এবং ওয়ান-স্টপ সার্ভিস আরও কার্যকর করতে সরকার কাজ করছে। বিদ্যমান হাইটেক পার্কগুলোর আধুনিকায়নের পাশাপাশি একটি বায়োটেক পার্ক নির্মাণের পরিকল্পনাও রয়েছে।

বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত তিন হাজারের বেশি বাংলাদেশি সেমিকন্ডাক্টর পেশাজীবীর প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, প্রবাসে থাকা এসব বিশ্বস্বীকৃত মেধাবীকে দেশের সমৃদ্ধির পথে আরও গভীরভাবে যুক্ত করতে সরকারি-বেসরকারি উদ্যোগ জরুরি। সম্প্রতি বিদেশে আয়োজিত রোডশোগুলোর প্রশংসা করে তিনি বলেন, শুধু রোডশো নয়, বরং ফলোআপ, অংশীদারত্ব, বিনিয়োগ, প্রশিক্ষণ ও রপ্তানির সুযোগকে বাস্তবে রূপ দিতে হবে।

## পরবর্তী রাষ্ট্রপতি কে

এসময় নিজের নাম নিয়ে তৈরি হওয়া গুঞ্জনের বিষয়ে প্রশ্ন করা হলে তিনি তা এড়িয়ে গিয়ে বলেন, দলীয় ফোরামের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এর আগে সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে গবেষণায় বরাদ্দ বাড়ানোর তাগিদ দিয়ে মন্ত্রী বলেন, রাজনৈতিক তর্কের সংস্কৃতি থেকে বেরিয়ে আমাদের কাজের দিকে মনোযোগ দিতে হবে। দেশে বাজেটের বড় একটি অংশ অপচয় হলেও গবেষণার মতো মৌলিক জায়গায় পর্যাপ্ত বরাদ্দ মেলে না।

কৃষিপণ্যের উপযুক্ত মূল্য ও বাজারজাতকরণ নিশ্চিত করার ওপর জোর দিয়ে মির্জা ফখরুল ইসলাম বলেন, পল্লী উন্নয়ন মানে কেবল রাস্তাঘাট আর বাড়িঘর তৈরি করা নয়, গ্রামীণ কৃষকের আর্থিক সচ্ছলতা আনা। সংরক্ষণ ও বাজারজাতকরণের অভাবে আমাদের কৃষকরা উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য পান না। এ সমস্যা সমাধানে গবেষকদের সমন্বিত উদ্যোগ নিতে হবে।

বিগত সরকারের সমালোচনা করে তিনি বলেন, বিগত ১৭ বছরে বাস্তবায়নের কোনো চিহ্ন না থাকলেও কাগজে-কলমে হাজার হাজার কোটি টাকা লোপাট করা হয়েছে। তরুণদের শুধু চাকরি বা ঠিকাদারির পেছনে না ছুটে কৃষিভিত্তিক শিল্প ও উদ্যোক্তা হিসেবে নিজেদের গড়ে তোলার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে বগুড়ার স্থানীয় সংসদ সদস্য, পল্লী উন্নয়ন একাডেমি ও গবেষণাসংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## নতুন রাষ্ট্রপতি কে হবেন

ত্যাগের স্বীকৃতি হিসেবেই তাদের গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়া হয়েছে।

তিনি বলেন, আমাদের দৃঢ় বিশ্বাস, আজ যাদের দায়িত্ব দেওয়া হয়েছে তারা কোনো অবস্থাতেই নিজেদের নীতি বিক্রি করবেন না এবং কখনোই মাথানত করবেন না।

প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বের প্রশংসা করে রিজভী বলেন, বিগত চার মাসে মাননীয় প্রধানমন্ত্রী ও তার সরকার সমাজকল্যাণমূলক অসংখ্য কাজ হাতে নিয়েছেন এবং প্রতিটি প্রতিশ্রুতি বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

বিশেষ করে ট্রিলিয়ন ডলারের যে যুগান্তকারী অর্থনৈতিক উদ্যোগ নেওয়া হয়েছে, তার মাধ্যমে এ দেশের তরুণ সমাজকে নতুন করে কাজে লাগানো হবে এবং কর্মসংস্থান সৃষ্টি করা হবে।

এসময় দলের নেতাকর্মী ও যোগ্য ব্যক্তিদের যথাযথ মূল্যায়ন করার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান রিজভী।

রাষ্ট্রপতি পদ থেকে মো. সাহাবুদ্দিনের পদত্যাগ প্রসঙ্গে রিজভী বলেন, তিনি অসুস্থতার কারণ দেখিয়ে পদত্যাগ করেছেন, আমরা সেটা বিশ্বাস করতে চাই। তবে বিভিন্ন রাজনৈতিক দল থেকে পদত্যাগী রাষ্ট্রপতির বিচারের যে দাবি উঠেছে, সে বিষয়ে বিএনপির নীতিনির্ধারণী ফোরাম পরবর্তীতে আলোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। আপাতদৃষ্টিতে, তিনি মূলত শারীরিক অসুস্থতার কারণ দেখিয়েই পদত্যাগ করেছেন।

## আন্দোলনের জন্য ডাক

১৮ কোটি মানুষের সঙ্গে বেইমানি করবো না। পরিবর্তন ও সংস্কারের জন্য গণভোটে ৭০ ভাগ মানুষ হ্যাঁ ভোট দিয়েছে উল্লেখ করে জামায়াত আমির বলেন, আমরা গণভোটকে অপমান করতে দেব না। গণভোটের গণরায় বাস্তবায়ন করেই আমাদের আন্দোলন সফলতার দ্বার প্রান্তে পৌঁছাবে। বাংলাদেশে আমরা আর কোনো ফ্যাসিবা চাই না।

বিএনপি আওয়ামী লীগের পথ ধরে হাঁটছে উল্লেখ করে বিরোধী দলীয় প্রধান শফিকুর রহমান বলেন, সমাজের সব ক্ষেত্রে তারা বেপরোয়া, নির্লজ্জ, দলীয়করণ করছে। দুর্নীতিকে তারা জাতীয়করণ করতে যাচ্ছে। জনগণ এটা মানবে না। শেখ হাসিনাকে তাড়িয়েছে। যদি আপনারা ফ্যাসিবাদ কায়েম করেন, তাহলে আপনাদেরকেও জনগণ তাড়াবে। আপনাদেরকেও ছেড়ে জনগণ কথা বলবে না।

উন্নয়নে সিলেট অবহেলিত উল্লেখ করে তিনি বলেন, সিলেটের মানুষের কিছু ন্যায্য দাবি যুগ যুগ ধরে ঝুলে আছে। প্রবাসী অধ্যুষিত এলাকা হিসেবে নামে মাত্র একটি আন্তর্জাতিক বিমানবন্দর আছে। এখনো তা পূর্ণাঙ্গতা পায়নি। আমরা সংসদে বলেছি সমুদ্রের ঢেউ উপলব্ধি করার জন্য বঙ্গোপসাগরে যাওয়ার দরকার নাই। ঢাকা থেকে সিলেট গেলেই তা বুঝা যাবে। আমরা চাই অবিলম্বে এই সড়কের কাজ সম্পন্ন করে জনগণকে স্বস্তি দেওয়া হোক।

## বিগত সরকারের সীমাহীন

দ্বারপ্রান্তে স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে ৫০ শয্যা হাসপাতালকে ১০১ শয্যায় উন্নীত করেছি। কিছুদিনের মধ্যেই মোরেলগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সটি ১০১ শয্যার টেন্ডার প্রক্রিয়ায় কার্যক্রম শুরু হবে। বিগত সরকারের সময়ে সীমাহীন অনিয়মে স্বাস্থ্যসেবা ব্যবস্থা ভেঙে পড়েছিল- স্বাস্থ্যমন্ত্রীবাগেরহাটের মোরেলগঞ্জ ৫০ শয্যা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স স্বাস্থ্যমন্ত্রীর আকস্মিক পরিদর্শন

পরিদর্শনের সময় হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে ঘুরে দেখেন মন্ত্রী। এ সময় হাসপাতালে লক্ষাধিক টাকার মেয়াদ উত্তীর্ণ ঔষধসহ বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি দেখে ক্ষোভ প্রকাশ করেন তিনি। এ সময় তিনি পার্শ্ববর্তী একটি বেসরকারি ক্লিনিকও পরিদর্শন করেন।

পরিদর্শনকালে জেলা প্রশাসক গোলাম মো. বাতেন, পুলিশ সুপার হাসান মো. নাসের রিকাবদার, মোরেলগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. কামাল হোসেন মুফতি, মোড়লগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাবিবুল্লাহ সহ স্বাস্থ্য বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## শিক্ষামন্ত্রীর পদত্যাগ প্রথম

হচ্ছে না বলে তিনি স্পষ্ট করে দিয়েছেন।

সরকারের কাছে আরও দুটি সুনির্দিষ্ট দাবি তুলে ধরেছেন সিজেপি প্রতিষ্ঠাতা। প্রথমত, যেসব শিক্ষার্থী আত্মহত্যা করেছেন, তাদের প্রতিটি পরিবারকে এক কোটি রুপি করে ক্ষতিপূরণ দিতে হবে।

দ্বিতীয়ত, গত ২০ তারিখের ঘটনায় পুলিশ প্রশাসনের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে হবে। পুলিশকে আক্রমণ করে দীপকে বলেন, 'গত ২০ তারিখে যে পুলিশ গুন্ডারা হামলা চালিয়েছিল, সেইসবত পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নিতে হবে।'

'প্রথম উইকেট পতন'

শিক্ষামন্ত্রীর পদত্যাগকে আন্দোলনের মাত্র প্রথম সাফল্য হিসেবে দেখছে সিজেপি। একে ক্রিকেটের একটি উইকেটের পতনের সঙ্গে তুলনা করেছেন দলটির প্রধান।

অভিজিৎ দীপকে দ্ব্যর্থহীন কণ্ঠে জানিয়েছেন, 'এটি প্রথম উইকেট মাত্র। আমরা এখানেই থামছি না। এটি কেবল শুরু।' বাকি দাবিগুলো পূরণ না হওয়া পর্যন্ত এই আন্দোলন একইভাবে চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন তিনি।

সূত্র: উড়িষ্যা টিভি

## সেপ্টেম্বরের অধিবেশনে

২০২৩ সালের ২৪ এপ্রিল দেশের ২২তম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। সংবিধান অনুযায়ী তার পাঁচ বছরের মেয়াদ ২০২৮ সালের এপ্রিলে শেষ হওয়ার কথা ছিল। তবে মেয়াদ শেষ হওয়ার প্রায় দুই বছর আগেই স্বাস্থ্যগত কারণ দেখিয়ে তিনি দায়িত্ব থেকে সরে দাঁড়ান।

মো. সাহাবুদ্দিনের প্রায় তিন বছরের দায়িত্বকাল ছিল দেশের রাজনৈতিক ইতিহাসের অন্যতম ঘটনাবহুল সময়। তার মেয়াদকালেই গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে আওয়ামী লীগ সরকারের পতন ঘটে। এরপর অন্তর্বর্তী সরকারের দায়িত্বকাল শেষ হলে অনুষ্ঠিত হয় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। এই সময়ের মধ্যে তিনি তিনজন সরকারপ্রধানকে শপথবাক্য পাঠ করান, যা দেশের রাষ্ট্রপতি হিসেবে একটি ব্যতিক্রমী ঘটনা।

## রাশিয়া-চীন ইরানকে

রাশিয়া ও চীন-দুই দেশই বর্তমানে ইরানকে সমর্থন করার ক্ষেত্রে সক্রিয়ভাবে অংশ নিচ্ছে না।

তবে তারা যদি ভবিষ্যতে এতে জড়িয়ে পড়ে, তাহলে সেটি তাদের নিজেদের জন্যই ক্ষতিকর হবে।

পরে হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, 'আমি জানি না তারা ইরানকে সহায়তা করছে কি না। তবে আমি মনে করি, আমি তাদের বিশ্বাস করি।'

তবে ট্রাম্পের এই মন্তব্যের সঙ্গে একমত নন মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। চলতি সপ্তাহে সিনেটের এক শুনানিতে তিনি বলেন, রাশিয়া ও চীন বিভিন্নভাবে ইরানকে সহায়তা করছে। যদিও কী ধরনের সহায়তা দেওয়া হচ্ছে, সে বিষয়ে তিনি বিস্তারিত জানাননি।

## এআইয়ের সঙ্গে বন্ধুত্বপূর্ণ

ডিজিটাল প্ল্যাটফর্ম, তথ্যব্যবস্থা ও গণমাধ্যমে বর্তমানে এআইয়ের বহুল ব্যবহার পরিলক্ষিত হচ্ছে উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, সময়ের প্রয়োজনে এই আধুনিক প্রযুক্তিকে গভীরভাবে অনুধাবন করতে হবে। এর সঙ্গে আমাদের একটি কার্যকর মেলবন্ধন তৈরি করা অত্যন্ত জরুরি। তিনি আরও বলেন, যুগ যুগ ধরে মানুষের হাতেই সভ্যতার উত্থান-পতন নির্ধারিত হয়েছে। তবে বর্তমান অগ্রযাত্রায় কৃত্রিম বুদ্ধিমত্তা এক শক্তিশালী অংশীদার হয়ে আবির্ভূত হয়েছে। এই নতুন ইকোসিস্টেম বা বাস্তুতন্ত্র কীভাবে সামনের দিকে এগোবে, সেজন্য গোটা বিশ্বকে একসঙ্গে ভাবতে হবে এবং একটি সুনির্দিষ্ট রোডম্যাপ তৈরি করতে হবে। দেশের বিজ্ঞান, গবেষণা, তথ্য ব্যবস্থাপনা ও শিক্ষাব্যবস্থায় এআইয়ের ইতিবাচক প্রয়োগের সক্ষমতা বাড়ানোর তাগিদ দেন জহির উদ্দিন স্বপন। তিনি সতর্ক করে বলেন, এই প্রযুক্তিকে বন্ধু হিসেবে কাছে রাখার মতো পর্যাপ্ত দক্ষতা ও জ্ঞান অর্জন করতে না পারলে অদূর ভবিষ্যতে এটি বুমেরাং হতে পারে। এমনকি এখনই নানা ঘটনার মধ্য দিয়ে এমন ঝুঁকির প্রাথমিক সংকেত পাওয়া যাচ্ছে।

## ২৪ ঘণ্টায় হাম সন্দেহে

গত ২৪ ঘণ্টায় হাম সন্দেহে ছয় জনের মৃত্যু হয়েছে, মৃত ছয়জনই ঢাকার জেলার বিভিন্ন হাসপাতালে মারা যান। গত ১৫ মার্চ থেকে ২৫ জুলাই পর্যন্ত সন্দেহজনক হামে মোট ৭২১ জন শিশুর মৃত্যু হয়েছে।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি এবং গত ১৫ মার্চ থেকে ২৫ জুলাই পর্যন্ত নিশ্চিত হামে ৯৫ জনের মৃত্যু হয়েছে।

## জামায়াত জোট

থাকবে। খেলাফত মজলিসের আমির মাওলানা আব্দুল বাছিত আজাদের সভাপতিত্বে ও মহাসচিব ড. আহমদ আবদুল কাদেরের পরিচালনায় অধিবেশনে নায়েবে আমির মাওলানা সাখাওয়াত হোসাইন, মাওলানা আহমদ আলী কাসেমী, অধ্যাপক আবদুল্লাহ ফরিদ, অধ্যাপক সিরাজুল হক, মাওলানা সাইয়্যেদ ফেরদাউস বিন ইসহাক, মুফতি আবদুল হামিদ, যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট জাহাঙ্গীর হোসাইন, মুহাম্মদ মুনতাসির আলী, এ বি এম সিরাজুল মামুন, ড. মোস্তাফিজুর রহমান ফয়সল, অধ্যাপক মো. আব্দুল জলিল, সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট মিজানুর রহমান, মুফতি আবুল হাসান এমপিসহ কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও কেন্দ্রীয় মজলিসে শূরার সদস্যরা উপস্থিত ছিলেন। এর আগে গত ১৩ জুন চট্টগ্রামে ১১-দলের বিভাগীয় সমাবেশের পর খেলাফত মজলিস আনুষ্ঠানিকভাবে জোটকে জানিয়ে দেয়, ভবিষ্যতে কোনো সমাবেশের ব্যানার বা প্রচারণায় যেন দলের নাম কিংবা নেতাদের নাম ব্যবহার না করা হয়।

সম্পাদক ও প্রকাশক : কাজী জহিরুল ইসলাম (বাবুল) , নির্বাহী সম্পাদক : কাজী জাহিদুল ইসলাম (প্রিন্স), সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : পল্টন চায়না টাউন, স্যুট ৯/৮, লেভেল-৯, পশ্চিম ভবন (৯ম তলা) ৬৮ নয়া পল্টন, ঢাকা-১০০০।
প্রিন্স মিডিয়া লি: কর্তৃক প্রকাশিত এবং শরীয়তপুর প্রিন্টিং প্রেস ২৮/১বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা থেকে মুদ্রিত। মোবাইল-০১৭১৬-৩৬৬০৬১,০২-২২২২২২৫৯৭৩ ফ্যাক্স: ০২-৪৮৩১৮১৬২ E-mail : dailyneighbour@gmail.com. www.dailyneighbour.com



## চীনের দিকে ধেয়ে আসছে টাইফুন নওউল, সরিয়ে নেওয়া হলো ২০ হাজারের বেশি মানুষ

আন্তর্জাতিক ডেস্ক:

প্রবল বৃষ্টি ও ঝোড়ো বাতাসের আশঙ্কায় চীনের দক্ষিনাঞ্চল থেকে ২০ হাজারের বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে এবং রেল চলাচল স্থগিত করা হয়েছে। দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যম এ তথ্য জানিয়েছে। রাষ্ট্রীয় গণমাধ্যম জানায়, টাইফুন নওউল উপকূলের দিকে এগিয়ে আসছে। চীনের জাতীয় আবহাওয়া কেন্দ্র জানিয়েছে, গতকাল শনিবার সন্ধ্যা থেকে রোববার সকালের মধ্যে হংকং থেকে গুয়াংডং প্রদেশ পর্যন্ত উপকূলীয় এলাকায় টাইফুনটি আঘাত হানতে পারে। খবর বার্তা সংস্থা এএফপি'র। গতকাল শনিবারও আবহাওয়া কেন্দ্র চার স্তরের সতর্কতা ব্যবস্থার দ্বিতীয় সর্বোচ্চ স্তর 'কমলা সতর্কতা' বহাল রেখেছে। এর আগে সংস্থাটি জানিয়েছিল, গুয়াংডং ও পার্শ্ববর্তী ফুজিয়ান প্রদেশের কিছু এলাকায় প্রবল ঝোড়ো বাতাস ও ভারী বৃষ্টিপাত হতে পারে। রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম সিসিটিভি জানিয়েছে, শুক্রবার রাত পর্যন্ত গুয়াংডং প্রদেশে ২০ হাজারের বেশি মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে। এ ছাড়া সাগরে থাকা মাছ ধরার নৌযানগুলো ঝড় থেকে নিরাপদ থাকতে বন্দরে ফিরে এসেছে বলে জানিয়েছে সিসিটিভি। সিসিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, গতকাল শনিবার সকালে গুয়াংডংয়ে কয়েকটি ট্রেন চলাচল বন্ধ থাকবে এবং গত রোববার প্রদেশটির সব ট্রেন পরিষেবা স্থগিত থাকবে। স্থানীয় গণমাধ্যমের খবরে বলা হয়েছে, গুয়াংডং প্রদেশের চাওঝৌ শহরের স্কুলগুলোকে ক্যাম্পাসে সব ধরনের শিক্ষা ও অন্যান্য কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রাখার নির্দেশ দেওয়া

# ইরানের হামলার শিকার হওয়ার পরও কেন মার্কিন উপস্থিতি আরও বাড়াচ্ছে জর্ডান সরকার

**জর্ডানের রাজধানী আম্মান থেকে প্রায় ৮৫ কিলোমিটার উত্তর-পূর্বে আল-জারকা এলাকায় মধ্যপ্রাচ্যে প্রায় তিন দশক ধরে মার্কিন সামরিক অভিযানের জন্য জর্ডান একটি গুরুত্বপূর্ণ ঘাঁটি হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানে আগ্রাসনের পর সেই জর্ডানকে এখন চড়া মূল্য দিতে হচ্ছে।**

আন্তর্জাতিক ডেস্ক:

বহুজাতিক সামরিক মহড়ায় এক মার্কিন সেনা। জর্ডানের রাজধানী আম্মান থেকে প্রায় ৮৫ কিলোমিটার উত্তর-পূর্বে আল-জারকা এলাকায় মধ্যপ্রাচ্যে প্রায় তিন দশক ধরে মার্কিন সামরিক অভিযানের জন্য জর্ডান একটি গুরুত্বপূর্ণ ঘাঁটি হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানে আগ্রাসনের পর সেই জর্ডানকে এখন চড়া মূল্য দিতে হচ্ছে। সম্প্রতি জর্ডানে থাকা মার্কিন সামরিক বাহিনীর ঘাঁটি নিশানা করে দেশটির ওপর হামলা জোরদার করেছে ইরান। তবে জর্ডানের আকাশে নিয়মিত সাইরেন বাজতে থাকলেও দেশটি মার্কিন উপস্থিতি সীমিত করার কোনো উদ্যোগ নিচ্ছে না।

বিশ্লেষকেরা বলছেন, যুক্তরাষ্ট্রের ওপর নির্ভরশীলতার কারণে জর্ডান সেসব সামরিক কার্যক্রম সংকুচিত করতে পারছে না। কয়েক দশকের সম্পর্ক ও সুরক্ষার পাশাপাশি কোটি কোটি ডলারের অর্থনৈতিক ও সামরিক সহায়তার জন্য জর্ডান যুক্তরাষ্ট্রের ওপর নির্ভরশীল হয়ে পড়েছে। প্রচুর তেল ও অন্যান্য প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ পারস্য উপসাগরীয় কিছু আরব প্রতিবেশীর তুলনায় জর্ডান অনেকটা সম্পদহীন দেশ। দেশটি ব্যাপকভাবে বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীল। জর্ডানের কর্মকর্তাদের মতে, গত বছর যুক্তরাষ্ট্র দেশটিকে ১৬৫ কোটি ডলারের অর্থনৈতিক ও সামরিক সহায়তা দিয়েছে।

মার্কিন কর্মকর্তারা বলছেন, ইরানের সঙ্গে যুদ্ধের সময় এই অঞ্চলের অন্যান্য কিছু মার্কিন মিত্র তাদের ভূখণ্ডে সেনা ঘাঁটি তৈরি এবং ওপর দিয়ে বিমান উড্ডয়নের ক্ষেত্রে ওয়াশিংটনের ক্ষমতার ওপর নিষেধাজ্ঞা আরোপ করলেও জর্ডান এমন কোনো সীমাবদ্ধতা আরোপ করার মতো অবস্থানে নেই।

যুক্তরাষ্ট্রের টেম্পল ইউনিভার্সিটির রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক এবং 'জর্ডান: পলিটিকস ইন অ্যান অ্যাক্সিডেন্টাল ক্রুসিবল' বইয়ের লেখক শন ইয়োম বলেছেন, 'জর্ডান মধ্যপ্রাচ্যের দুর্বল একটি রাষ্ট্র। এটি বেশ ছোট এবং আঞ্চলিক হুমকিতে ঘেরা। আর এর কোনো ধরনের মহাশক্তিধর পৃষ্ঠপোষক বা বাইরের রক্ষকের প্রয়োজন, যুক্তরাষ্ট্র কয়েক প্রজন্ম ধরে সেই ভূমিকা পালন করে আসছে।'

ইয়োম বলেন, ১৯৫০-এর দশক থেকে জর্ডান যুক্তরাষ্ট্রের কাছ থেকে যে সহায়তা পেয়ে আসছে, তা অন্য কারও পক্ষে দেওয়া সম্ভব নয়।

গত ফেব্রুয়ারির শেষের দিকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে আগ্রাসন শুরুর পর, ইরান মধ্যপ্রাচ্যে মার্কিন মিত্রদের ওপর হামলা চালিয়ে প্রতিশোধ নেয়। যুদ্ধের প্রথম কয়েক মাসে ইরান মূলত ইসরায়েল ও উপসাগরে থাকা মার্কিন মিত্রদের লক্ষ্যবস্তু করেছিল, তবে তারা জর্ডানের দিকেও শত শত ড্রোন ও ক্ষেপণাস্ত্র ছুড়েছিল।

উচ্চ পর্যটন মৌসুম মাত্র শুরু হওয়ার মুখে এই সংঘাত দ্রুত জর্ডানের পর্যটনশিল্পকে ক্ষতিগ্রস্ত করছে, যা দেশটির রাজস্বের ১৮ শতাংশ পর্যন্ত জুগিয়ে থাকে। যদিও বেশির ভাগ ক্ষেপণাস্ত্র ও ড্রোন আটকে দেওয়া হয়েছিল, তা সত্ত্বেও এয়ারলাইনসগুলোকে ফ্লাইট বাতিল করতে হচ্ছে এবং সম্ভাব্য পর্যটকেরা হোটেলের বুকিং বাতিল করছেন।

ইরানের হামলায় বিপদে জর্ডান

এখন যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতি ভেস্তে যাওয়ার সঙ্গে সঙ্গে উভয় পক্ষই হামলা বাড়িয়েছে এবং ইরান তাদের লক্ষ্যবস্তুর পরিধি আরও বিস্তৃত করেছে। জর্ডানের সামরিক বাহিনী জানিয়েছে, গত রোববার জর্ডানের আকাশ প্রতিরক্ষাব্যবস্থা তিনটি ইরানি ক্ষেপণাস্ত্র ভূপাতিত করেছে। চতুর্থ ক্ষেপণাস্ত্রটি একটি জনহীন এলাকায় গিয়ে পড়েছে। জর্ডান সরকারকে জাতীয় নিরাপত্তা বিষয়ে পরামর্শ দেওয়া গবেষণাপ্রতিষ্ঠান সেন্টার ফর স্ট্র্যাটেজিক স্টাডিজের পরিচালক হাসান আলমোমানি বলেছেন, 'প্রতিবেশীদের আঘাত করার এই ইরানি কৌশলগত তীব্রতার লক্ষ্য হলো ওই প্রতিবেশীদের ওপর চাপ সৃষ্টি করা, যার মূল উদ্দেশ্য যুক্তরাষ্ট্রের ওপর চাপ তৈরি করা।'

ইরানের আধা-সরকারি বার্তা সংস্থা ফারস নিউজ এজেন্সির মতে, ইরান সম্প্রতি জানিয়েছে, জর্ডানে ইউএস বিমান বাহিনীর কেন্দ্রস্থল আজরাকের মুওয়াফফাক সালতি বিমানঘাঁটির জ্বালানি ট্যাংক এবং অন্যান্য ঘাঁটির বিমান আশ্রয়কেন্দ্রগুলোকে লক্ষ্য করে হামলা চালানো হয়েছিল। এর আগে ইরান জানিয়েছিল, তারা মার্কিন বাহিনীর ব্যবহৃত রাডার এবং যোগাযোগব্যবস্থাকে নিশানা করেছিল।

শুক্রবার মুওয়াফফাক সালতি ঘাঁটিতে ইরানি হামলায় দুই মার্কিন সেনা নিহত এবং তৃতীয় একজন নিখোঁজ হন। সপ্তাহের শুরুতে জর্ডানে মার্কিন বাহিনীর ওপর অন্য তিনটি হামলায় ডজনখানেক মার্কিন সেনা আহত হন এবং বেশ কয়েকটি ব্ল্যাকহক হেলিকপ্টার ক্ষতিগ্রস্ত হয়। মার্কিন বাহিনী দীর্ঘদিন ধরে জর্ডানের বিমানঘাঁটিগুলো থেকে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে। ইসলামিক স্টেটের বিরুদ্ধে লড়াই, সিরিয়ার গৃহযুদ্ধের সময় বিদ্রোহী যোদ্ধাদের প্রশিক্ষণ এবং ইরাকে আক্রমণের মতো মার্কিন সামরিক কার্যক্রমের ঘাঁটি ছিল এই দেশ। একটি সংসদীয় প্রতিবেদন অনুসারে, বর্তমানে দেশটিতে প্রায় চার হাজার মার্কিন সামরিক সদস্য রয়েছেন। স্থায়ী মার্কিন উপস্থিতি নিশ্চিত করতে মুওয়াফফাক সালতি এবং অন্য ঘাঁটিগুলোকে মানানসই করে গড়ে তোলা হয়েছে। পেন্টাগনের সাবেক মধ্যপ্রাচ্যবিষয়ক উপদেষ্টা এবং বর্তমানে 'ওয়াশিংটন ইনস্টিটিউট ফর নিয়ার ইস্ট পলিসির' সিনিয়র ফেলো গ্রান্ট রামলে বলেন, যুক্তরাষ্ট্রের দৃষ্টিকোণ থেকে জর্ডানের অবকাঠামো যথেষ্ট শক্তিশালী। তিনি এটিকে একটি স্থলভিত্তিক বিমানবাহী রণতরীর সঙ্গে তুলনা করেছেন।



এখন যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতি ভেস্তে যাওয়ার সঙ্গে সঙ্গে উভয় পক্ষই হামলা বাড়িয়েছে এবং ইরান তাদের লক্ষ্যবস্তুর পরিধি আরও বিস্তৃত করেছে। জর্ডানের সামরিক বাহিনী জানিয়েছে, গত রোববার জর্ডানের আকাশ প্রতিরক্ষাব্যবস্থা তিনটি ইরানি ক্ষেপণাস্ত্র ভূপাতিত করেছে।

## ভেনেজুয়েলায় ভূমিকম্পের এক মাস

### নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করল স্থানীয়রা

আন্তর্জাতিক ডেস্ক:

ভয়াবহ ভূমিকম্পের এক মাস পর শুক্রবার ভেনেজুয়েলার ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত এলাকাগুলো এবং রাজধানী কারাকাসে নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়েছে। এএফপির সাংবাদিকরা ঘটনাস্থল থেকে এ তথ্য জানিয়েছেন। সবচেয়ে ক্ষতিগ্রস্ত লা গুয়াইরা অঙ্গরাজ্যের তানাগুয়ারেনা এলাকায় ধসে পড়া একটি ভবনের সামনে উদ্ধারকর্মী এবং নিখোঁজ স্বজনদের খোঁজে থাকা পরিবারের সদস্যরা উদ্ধার অভিযান




**গত ২৪ জুন আঘাত হানা ৭ দশমিক ২ ও ৭ দশমিক ৫ মাত্রার দুটি শক্তিশালী ভূমিকম্পে সরকারি হিসাবে ৫ হাজার ৫৪৬ জন নিহত এবং প্রায় ১৭ হাজার মানুষ আহত হয়েছেন।**

সাময়িক বন্ধ রেখে এই নীরবতা পালন করেন। খবর বার্তা সংস্থা এএফপি'র। স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ৪ মিনিটে (গ্রিনিচ মান সময় ২২০৪) নীরবতা পালনের আগে এক নারী অস্থায়ী স্মৃতিবেদির সামনে প্রার্থনা করেন। খেলনা দিয়ে সাজানো ওই স্মৃতিবেদির সামনে তিনি হাতে জপমালা নিয়ে নিহতদের আত্মার শান্তি কামনা করেন। গত ২৪ জুন আঘাত হানা ৭ দশমিক ২ ও ৭ দশমিক ৫ মাত্রার দুটি শক্তিশালী ভূমিকম্পে সরকারি হিসাবে ৫ হাজার ৫৪৬ জন নিহত এবং প্রায় ১৭ হাজার মানুষ আহত হয়েছেন। এছাড়া এখনো বহু মানুষ নিখোঁজ রয়েছেন। এই দুর্যোগে শত শত ভবন সম্পূর্ণ ধ্বংস হয়েছে এবং ২৩ হাজারের বেশি মানুষ গৃহহীন হয়ে পড়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে দেশজুড়ে নাগরিকদের এই নীরবতায় অংশ নেওয়ার আহ্বান জানানো হয়।

লা গুয়াইরা ছাড়াও রাজধানী কারাকাসের বিভিন্ন চত্বরেও একই সময়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। এক মাস পেরিয়ে গেলেও স্বজনদের খুঁজে পেতে প্রতিদিন ধ্বংসস্তূপে অনুসন্ধান চালিয়ে যাচ্ছেন অনেক পরিবার। ৩২ বছর বয়সী আনিয়েল আন্দ্রাদে এখনও তাঁর নিখোঁজ স্বজনদের খুঁজছেন। তিনি বলেন, 'যারা আর আমাদের মাঝে নেই, তাদের জন্য সব পরিবার যেন প্রার্থনা করেড়আমি সেটাই চাই। আর যাদের স্বজন এখনও ধ্বংসস্তূপের নিচে রয়েছেন, আমরা প্রার্থনা করছি যেন তাদের অন্তত খুঁজে পাওয়া যায়।' তিনি আরও বলেন, 'ভূমিকম্প মোকাবিলা সম্পর্কে আমাদের মানুষের তেমন কোনো ধারণা ছিল না। তাই এই দুর্যোগ আমাদের সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায় আঘাত করেছে।'

রাষ্ট্রায়ত্ত টেলিভিশনে সম্প্রচারিত এক সামরিক অনুষ্ঠানে অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ বলেন, এই ভূমিকম্প ভেনেজুয়েলাবাসীকে 'প্রকৃতির শিকারে' পরিণত করেছে। তিনি সশস্ত্র বাহিনীর সদস্যদের প্রশংসা করে বলেন, 'তারা মানুষের পাশে দাঁড়িয়েছে, উদ্ধার তৎপরতা চালিয়েছে, জীবন বাঁচাতে কাজ করেছে। কাদা-মাটিতে নেমে নিরলস-ভাবে দায়িত্ব পালন করেছে এবং এখনো দুর্গত এলাকায় কাজ চালিয়ে যাচ্ছে।' তবে, দুর্যোগ মোকাবিলায় সরকারের ভূমিকা নিয়ে অনেক ভেনেজুয়েলাবাসী অসন্তোষ প্রকাশ করেছেন।



মাদ্রিদ ও বোর্দোর কাছাকাছি এলাকায় ছড়িয়ে পড়া এসব বনভূমির আগুন পর্যটনকেন্দ্র ও বিশ্বখ্যাত আঙুর বাগানসমৃদ্ধ অঞ্চলগুলোর জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে।

## ১৭ বছর পর সিরিয়া সফরে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও

আন্তর্জাতিক ডেস্ক:

সিরিয়া সফরে গিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস। তার এ সফরের মাধ্যমে ১৭ বছরের মধ্যে প্রথমবারের মতো কোনো জাতিসংঘ মহাসচিব দেশটি সফর করলেন। গতকাল শনিবার সকালে দামেস্ক আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর পর দেশটির পররাষ্ট্রমন্ত্রী আসাদ আল-শাইবানি তাকে স্বাগত জানান। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। এই সফরের মাধ্যমে ২০০৯ সালের পর প্রথমবারের মতো কোনো জাতিসংঘ মহাসচিব সিরিয়ায় এলেন। তারপর থেকে দেশটিতে ১৪ বছরের রক্তক্ষয়ী গৃহযুদ্ধ চলেছে। গুতেরেস সিরিয়ার নতুন রাষ্ট্রপতি আহমেদ আল-শারার সঙ্গে সাক্ষাৎ করবেন। আল-শারা একসময় নিষিদ্ধ সন্ত্রাসী সংগঠন আল-কায়েদার কমান্ডার ছিলেন এবং গত বছর পর্যন্ত তার ওপর জাতিসংঘ নিরাপত্তা পরিষদের নিষেধাজ্ঞা ছিল। ২০২৪ সালে বাশার আল-আসাদের পতনের পর ক্ষমতায় আসা আল-শারার জন্য এটি আরেকটি গুরুত্বপূর্ণ কূটনৈতিক সাফল্য হিসেবে দেখা হচ্ছে। তিনি আন্তর্জাতিক সম্পর্ক পুনর্গঠনের চেষ্টা চালিয়ে যাচ্ছেন। গুতেরেস শুধু রাষ্ট্রপতির সঙ্গেই নয়,

# ফ্রান্স ও স্পেনে নিয়ন্ত্রণের বাইরে দাবানল

**১ লাখ ৬৬ হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে**

মাদ্রিদ ও বোর্দোর কাছাকাছি এলাকায় ছড়িয়ে পড়া এসব বনভূমির আগুন পর্যটনকেন্দ্র ও বিশ্বখ্যাত আঙুর বাগানসমৃদ্ধ অঞ্চলগুলোর জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে।

আন্তর্জাতিক ডেস্ক:

ফ্রান্স ও স্পেনে নজিরবিহীন দাবানল ছড়িয়ে পড়ায় ১ লাখ ৬৬ হাজারের বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। মাদ্রিদ ও বোর্দোর কাছাকাছি এলাকায় ছড়িয়ে পড়া এসব বনভূমির আগুন পর্যটনকেন্দ্র ও বিশ্বখ্যাত আঙুর বাগানসমৃদ্ধ অঞ্চলগুলোর জন্য বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে। খবর বার্তা সংস্থা এএফপি'র। ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাখোঁ শুক্রবার ইউরোপীয় ইউনিয়নের সহায়তা চাওয়ার পর দেশটির ইতিহাসের সবচেয়ে ভয়াবহ দাবানল মোকাবিলায় সেনাবাহিনী মোতায়েনের নির্দেশ দিয়েছেন। এক স্থানীয় কর্মকর্তা সতর্ক করে বলেন, আগুন বোর্দোর দিকে এগিয়ে যাচ্ছে। আটলান্টিক উপকূলে বোর্দোর দক্ষিণে অবস্থিত অভিজাত ক্যাপ ফেরেট উপদ্বীপ থেকে প্রায় ৪৪ হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে। আগুনের শিখায় সেখানকার একমাত্র সড়কটিও হুমকির মুখে পড়েছে। আগুন থেকে বাঁচতে শত শত মানুষ নৌকায় করে এলাকা ছেড়েছেন, অন্যরা গাড়িতে করে বেরিয়ে গেছেন। কোটিপতিদের আবাসস্থল হিসেবে পরিচিত ওই উপদ্বীপে ৫০টির বেশি বাড়ি পুড়ে গেছে। ফরাসি ও স্প্যানিশ কর্মকর্তারা জানিয়েছেন, দক্ষিণ-পশ্চিম ফ্রান্সে অন্তত ১ লাখ ৪১ হাজার এবং মাদ্রিদ অঞ্চলে ২৫ হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে। এদের মধ্যে ১ হাজার ২০০ জনের বেশি ছিলেন বয়স্ক ও প্রতিবন্ধী ব্যক্তি। প্রবল বাতাস, তীব্র খরা এবং শুষ্ক বনভূমির কারণে আগুন দ্রুত ছড়িয়ে পড়ছে। পরিস্থিতি মোকাবিলায় মাদ্রিদ ও প্যারিস ইউরোপীয় ইউনিয়নের সহায়তা চেয়েছে। ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রী লরাঁ নুনেজ বলেন, এত বড় আকারের দাবানল এর আগে দেশটি কখনো দেখেনি। তিনি বোর্দোকে রক্ষায় 'সবকিছু করার' প্রতিশ্রুতি দিয়েছেন।

মাদ্রিদের আগুন 'চরম পর্যায়ে'

মাদ্রিদ আঞ্চলিক সরকারের জরুরি ব্যবস্থাপনা প্রধান কার্লোস নোভিলো বলেন, রাজধানীর কাছে ছড়িয়ে পড়া দাবানল 'চরম পর্যায়ে রয়েছে এবং বর্তমানে তা নিয়ন্ত্রণে আনার সক্ষমতার বাইরে চলে গেছে।' স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ গতকাল শনিবার সকালে ওই এলাকায় গিয়ে জরুরি সমন্বয় কেন্দ্র পরিদর্শন করবেন বলে জানানো হয়েছে। ফরাসি প্রধানমন্ত্রী সেবাস্তিয়ান লোকর্ন শুক্রবার গভীর রাতে গুরুত্বপূর্ণ মন্ত্রীদের নিয়ে সংকটকালীন বৈঠক করেন। তিনি বলেন, ভয়াবহ দাবানল মোকাবিলায় মোট ১ হাজার সামরিক সদস্য মোতায়েন করা হবে। এরই মধ্যে আগুনে ২২ হাজার হেক্টর (৫৪ হাজার একর) বনভূমি ও এলাকা পুড়ে গেছে। তিনি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে জানান, ক্ষতিকর ধোঁয়া থেকে কর্মী ও ক্ষতিগ্রস্ত জনগণকে সুরক্ষিত রাখতে ওই রাত থেকেই জিরন্দ অঞ্চলে ১৫ লাখ এফএফপি২ মাস্ক সরবরাহ করা হবে।

স্পোর্টস

# নতুন ক্লাবে যোগ দিলেন সেই ভোজিনিয়া

খেলা ডেস্ক

সদ্য শেষ হওয়া বিশ্বকাপে অন্যতম বড় চমক ছিলেন কেপ ভার্দের গোলরক্ষক ভোজিনিয়া। সবচেয়ে বড় চমক বললেও হয়তো ভুল হবে না! ৪০ বছর বয়সী এই তারকা এবার নতুন ক্লাবে যোগ দিচ্ছেন। চিলির বিখ্যাত ক্লাব কোলো কোলোতে দেখা যাবে তাঁকে। গতকাল শুক্রবার ক্লাবটির সভাপতি আনিবাল মোসা বিষয়টি নিশ্চিত করেন। সংবাদ সংস্থা রয়টার্স জানিয়েছে, ফ্রি এজেন্ট হিসেবে থাকা ভোজিনিয়া শিগগিরই চিলিতে যাবেন। সেখানে ডাক্তারি পরীক্ষা সম্পন্ন করবেন তিনি। এরপর এস্তাদিও মনুমেন্তালে তাঁকে আনুষ্ঠানিকভাবে পরিচয় করিয়ে দেওয়া হবে। চিলির ক্লাবটির সভাপতি মোসা বলেন, 'ভোজিনিয়া কোলো কোলোর খেলোয়াড় হতে যাচ্ছেন। আগামী কয়েক দিনের মধ্যে তিনি চিলিতে আসবেন





নতুন কুঁড়ি ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে ঢাকার মেয়েরাবিসিবি



রংপুরকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে রাজশাহীর ছেলেরাবিসিবি

নতুন কুঁড়িতে

# তাদের স্বপ্নপূরণের একদিন

**'নতুন কুঁড়ি' ক্রিকেটের ফাইনালে এসে তার অধরা স্বপ্নটা অবশেষে পূরণ হয়েছে। সাদিয়ার আলো ছড়ানো পারফরম্যান্সের পরেও অবশ্য নতুন কুঁড়ির ফাইনালে শেষ পর্যন্ত হেরে গেছে তার দল। শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে ৫ ওভারের ম্যাচে ঢাকা জেলার কাছে ১৯ রানে হেরেছে ময়মনসিংহের মেয়েরা।**

ক্রীড়া প্রতিবেদক ঢাকা

মঞ্চে গিয়ে দাঁড়াতেই সাদিয়া আফরিনের কণ্ঠ ভারী হয়ে এল, চোখে জল। টুর্নামেন্টুসেরার পুরস্কার হাতে মিনিটখানেক মাইক্রোফোনের সামনে দাঁড়িয়ে থেকেও তার মুখ দিয়ে বের হলো শুধু এটুকুই, 'আমার কান্না পাচ্ছে...!'
কেন এতটা আবেগাপ্লুত হয়ে পড়ল সে? আধঘণ্টা পর এমন প্রশ্নে সাদিয়ার মুখে লাজুক হাসি, 'এমন একটা জায়গায় এসে দাঁড়াব, তা কখনো কল্পনাও করতে পারিনি।'
ছোটবেলায় বাড়ির পাশে ছেলেদের সঙ্গে টেপ টেনিস বলেই সাদিয়ার ক্রিকেটের হাতেখড়ি। তবে বাংলাদেশে যে মেয়েরাও ক্রিকেট খেলে এবং তাদেরও একটা জাতীয় দল আছেঌময়মনসিংহের বিদ্যাগঞ্জের মেয়ে সাদিয়া তা জানতে পেরেছে বছর চারেক আগে। স্থানীয় একটি একাডেমিতে অনুশীলন শুরুর পর প্রায় প্রতিদিনই পরিচিত মানুষজন তাকে খোঁচা দিয়ে বলত, 'এত খেলে কী লাভ? তোকে তো কখনো টিভিতে দেখা যায় না!' মাথা নিচু করে সাদিয়া তখন শুধু বলত, 'যাবে একদিন...।'
সদ্য ১৩-তে পা দেওয়া সাদিয়াকে হয়তো এখন আর এমন প্রশ্ন শুনতে হবে না। 'নতুন কুঁড়ি' ক্রিকেটের ফাইনালে এসে তার অধরা স্বপ্নটা অবশেষে পূরণ হয়েছে। আনন্দের দ্যুতি ছড়িয়ে সাদিয়া বলল, 'আমার জীবনের সেরা মুহূর্ত এটি! (নাজমুল হোসেন) শান্ত ভাইয়ের কাছ থেকে মেডেল এবং জ্যোতি (নিগার সুলতানা) আপুর হাত থেকে টুর্নামেন্টুসেরার পুরস্কার নিতে পেরেছি।'
সাদিয়ার আলো ছড়ানো পারফরম্যান্সের পরেও অবশ্য নতুন কুঁড়ির ফাইনালে শেষ পর্যন্ত হেরে গেছে তার দল। শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে ৫ ওভারের ম্যাচে ঢাকা জেলার কাছে ১৯ রানে হেরেছে ময়মনসিংহের মেয়েরা।
অন্যদিকে ছেলেদের বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে রাজশাহী, তারাও রংপুরকে ১৯ রানেই হারিয়েছে। ফাইনাল ম্যাচে ২৬ বলে দুর্দান্ত ৭৪ রান করে ম্যাচসেরা হয়েছে সারাফাত সাদিদ। পাঁচ বছর আগে মামার হাত ধরে রাজশাহীর ক্লেমন ক্রিকেট একাডেমিতে ভর্তি হয়েছিল সে। সেখান থেকেই উঠে এসে আজ জাতীয় দলের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত।
তাঁকে দেখেই বড় হওয়া সাদিদের গলায় উচ্ছ্বাস, 'শান্ত ভাই একাডেমিতে এলে আমাদের সঙ্গে দেখা করেন, দারুণ সব অনুপ্রেরণাদায়ক কথা বলেন।' আন্তর্জাতিক ক্রিকেটে

**ছেলেদের বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে রাজশাহী, তারাও রংপুরকে ১৯ রানেই হারিয়েছে। ফাইনাল ম্যাচে ২৬ বলে দুর্দান্ত ৭৪ রান করে ম্যাচসেরা হয়েছে সারাফাত সাদিদ। পাঁচ বছর আগে মামার হাত ধরে রাজশাহীর ক্লেমন ক্রিকেট একাডেমিতে ভর্তি হয়েছিল সে। সেখান থেকেই উঠে এসে আজ জাতীয় দলের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত।**

নাজমুলই সাদিদের আদর্শ। যাঁকে সামনে রেখে পথচলা, সেই নাজমুলের হাত থেকেই গতকাল ট্রফি নেওয়া, সাদিদের চোখেমুখে কী যে আনন্দ!
সাদিদের দলেরই আরেক উদীয়মান ক্রিকেটার মোহাম্মদ শামীম পেয়েছে ছেলেদের টুর্নামেন্টুসেরার পুরস্কার। তার বোলিং অ্যাকশন হুবহু ওয়েস্ট ইন্ডিজের তারকা সুনীল নারাইনের মতো। নারাইনকে দেখেই নাকি ক্রিকেটার হওয়ার স্বপ্ন বুনেছিল শামীম। সেই স্বপ্নই গতকাল তাকে নিয়ে এসেছে স্বপ্নের শেরেবাংলা স্টেডিয়ামে। জাতীয় দলের ড্রেসিংরুমের সামনেই ছোটদের জন্য ব্যবস্থা করা হয়েছিল আলাদা ড্রেসিংরুমের। তবে শামীমের স্বপ্ন একদিন মূল ড্রেসিংরুমেই খেলোয়াড় হিসেবে ঢোকার, 'একদিন ঠিকই জাতীয় দলে খেলব...।'

# মহানায়কেরা যাচ্ছেন আন্তর্জাতিক ফুটবলে

খেলা ডেস্ক

রিয়াল মাদ্রিদে ফিরেছেন জোসে মরিনিও। একটু অস্থির সময়ই কাটছে তাঁর। আরও খেলোয়াড় দলে ভেড়াতে চান। এর পাশাপাশি বিশ্বকাপের শেষ দিকে খেলা রিয়ালের খেলোয়াড়েরা কবে প্রাক্‌?মৌসুম ক্যাম্পে যোগ দেবেন, তা নিয়েও বেশ দুশ্চিন্তা আছে তাঁর। মরিনিওকে নিয়ে মজার বিষয়টি অবশ্য এসব নয়। পর্তুগিজ এই কোচের সেই আগের দুষ্টুমিসূচক কথাগুলো আবারও কি শোনা যাবে? সেই সব ব্যক্তিগত দ্বৈরথ এবং তা নিয়ে রসাত্মক সব তির্যক মন্তব্য কি আবারও শোনা যাবে মরিনিওর মুখে? এসব প্রশ্নের উত্তরের চেয়েও বড় বিষয় হলো, মরিনিও কার সঙ্গে এসব করবেন? দীর্ঘ এক দশক পর মরিনিও এমন ক্লাবে ফিরেছেন, যাদের হয়ে শীর্ষস্থানীয় ট্রফি জয়ের সুযোগ আছে। কিন্তু মরিনিওর এ প্রত্যাবর্তনের একটি অদ্ভুত দিক হলো, ক্লাব ফুটবলে তাঁর দীর্ঘদিনের প্রতিদ্বন্দ্বিরা এই আঙিনা থেকে বিদায় নিচ্ছেন। যেমন ধরুন, আন্তোনিও কন্তের সঙ্গে মরিনিওর বাগ্‌?যুদ্ধ দেখার সুযোগ নিকট ভবিষ্যতে নেই। নাপোলি কোচের দায়িত্ব ছেড়েছেন এই ইতালিয়ান। আপাতত বেকার। ইতালির দায়িত্ব নেওয়ার গুঞ্জনও ছিল তাঁকে ঘিরে। সেটা হলেও মরিনিওর সঙ্গে ডাগআউটে তাঁর দ্বৈরথটা দেখার সুযোগ থাকছে না। পেপ গার্দিওলার ক্ষেত্রেও একই কথা খাটে। ম্যানচেস্টার সিটি কোচের দায়িত্ব ছেড়ে দেওয়া গার্দিওলাকে কোচ হওয়ার প্রস্তাব দিয়েছিল ইতালি। স্প্যানিশ এই কোচ রাজি হননি। এখন আপাতত পরিবারকে সময় দিতে চান। আন্দ্রেয়া পিরলোর ইতালির কোচ হওয়ার সম্ভাবনাই বেশি। মরিনিওকে তাই দূর থেকে খোঁচা মারতে হবে আগের প্রতিদ্বন্দ্বীদের। এমনকি রিয়ালের সাবেক দুজন কোচ আলভারো আরবেলোয়া এবং জাবি আলোনসোকেও ধারেকাছে পাবেন না মরিনিও। জাবি চেলসি এবং আরবেলোয়া ফুলহামের দায়িত্বে। দুটি ক্লাবের কোনোটিই ইউরোপিয়ান প্রতিযোগিতায় খেলছে না। একটু বড় নামে ফেরা যাক। কার্লো আনচেলত্তি ও জিনেদিন জিদান গত দশকে রিয়ালে সবচেয়ে সফল দুজন কোচ। আনচেলত্তি এরই মধ্যে ব্রাজিলের দায়িত্বে এবং জিদান ফ্রান্সের দায়িত্ব নেওয়ার খুব কাছে। সম্ভবত চলতি সপ্তাহেই ফ্রান্সের নতুন কোচ হিসেবে জিদানের নাম ঘোষণা হতে পারে। এসবই আসলে বিশ্বকাপের পূর্ববর্তী ও পরবর্তী বড় এক পালাবদলের অংশ। পরিস্থিতি দেখে মনে হয়, আধুনিক সময়ের সবচেয়ে সফল কোচদের কাছে দেশের জাতীয় দলের কোচিং করানোর আকর্ষণ এর আগে কখনো এমন রোমাঞ্চকর ছিল না। জার্মানির দায়িত্ব নেওয়া ইয়ুর্গেন ক্লপের ভাষায় যেমন, 'জাতীয় দলের দায়িত্বের পরিধি ও গুরুত্ব কতটা, তা সবাই জানে। মানুষকে একসূত্রে গাঁথাই ফুটবলের শক্তি।' ইউরো, কোপা আমেরিকা কিংবা বিশ্বকাপে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ জাতীয় দলকে নেতৃত্ব দেওয়া এখন এতটাই লোভনীয় যে গত সাত বছরে চ্যাম্পিয়নস লিগজয়ী সাতজন কোচের মধ্যে চারজনই ক্লাব ফুটবলের বাইরে জাতীয়।



রিয়াল মাদ্রিদ কোচ জোসে মরিনিওরয়টার্স




জার্মানির কোচ ইয়ুর্গেন ক্লপএএফপি



ফরাসি কিংবদন্তি জিনেদিন জিদান রয়টার্স



কোমোর কোচ সেস্ক ফ্যাব্রেগাসকোমো



# কমনওয়েল গেমসের দ্বিতীয় দিন বাংলাদেশের কে কেমন করলেন

ক্রীড়া প্রতিবেদক

গতকাল স্কটল্যান্ডের গ্লাসগোতে পর্দা উঠেছে ২৩তম কমনওয়েলথ গেমসের। আজ গেমসে দ্বিতীয় দিনে বাংলাদেশের বক্সার রাকিব হোসেন ৫৫ কেজি ওজন শ্রেণির রাউন্ড অব ৩২-এ সোলোমন দ্বীপপুঞ্জের তেতেকানা ক্লিনটনকে হারিয়ে শেষ ষোলো নিশ্চিত করেছেন। কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াইয়ে আগামী রোববার রাকিব মুখোমুখি হবেন পাপুয়া নিউগিনির মাইকেল ইনোইনোর। বাংলাদেশের বক্সার রুহিন রেজা রিংয়ে নামবেন আগামীকাল, অন্য বক্সার যুক্তরাষ্ট্র প্রবাসী জিনাত ফেরদৌস নামবেন ২৭ জুলাই।
আজ সাঁতারে ছেলেদের ৫০ মিটার ব্যাকস্ট্রোকে সামিউল ইসলাম ২৬.৫৭ সেকেন্ড সময় নিয়ে নিজের হিটে ষষ্ঠ হয়ে বিদায় নিয়েছেন। তবে এটি তাঁর ক্যারিয়ারুসেরা টাইমিং। গত বছর মালয়েশিয়ান ওপেনে সামিউলের টাইমিং ছিল রেকর্ড ২৬.৮৩ সেকেন্ড। প্রতিযোগিতায় ৪০ জন সাঁতারুর মধ্যে ১৯তম হয়েছেন সামিউল। সেমিফাইনালে উঠতে প্রয়োজন ছিল অন্তত ১৮তম হওয়া, কিন্তু অল্পের জন্য তা আর হয়ে ওঠেনি। ১৮তম হওয়া ঘানার আবেইকু জ্যাকসন সময় নিয়েছিলেন ২৬.৪৮ সেকেন্ড। সামিউলের ১০০ মিটার ফ্রিস্টাইল ইভেন্ট ২৭ জুলাই, ৫০ মিটার বাটারফ্লাই ২৮ জুলাই। সাঁতারের হতাশ করেছেন আরও দুই বাংলাদেশি সোনিয়া আক্তার ও সুকুমার রাজবংশী। মেয়েদের ৫০ মিটার বাটারফ্লাইয়ে সোনিয়া নিজের হিটে সপ্তম হয়েছেন, সময় নেন ৩২.৭১ সেকেন্ড। ৫২ জন সাঁতারুর মধ্যে তাঁর অবস্থান ৫১তম। এটি অবশ্য তাঁর সেরা টাইমিং নয়। ২০২২ সালে হাঙ্গেরির বুদাপেস্টে বিশ্ব চ্যাম্পিয়নশিপে সোনিয়া ৩২.২৬ সেকেন্ড সময় নিয়ে ক্যারিয়ারসেরা টাইমিং গড়েছিলেন। রোবব-ার ১০০ মিটার ফ্রিস্টাইলে নামবেন কুষ্টিয়ার মেয়ে। অন্যদিকে, ১০০ মিটার ব্যাকস্ট্রোকে সুকুমার রাজবংশী নিজের হিটের তিন প্রতিযোগীর

আজ সাঁতারে ছেলেদের ৫০ মিটার ব্যাকস্ট্রোকে সামিউল ইসলাম ২৬.৫৭ সেকেন্ড সময় নিয়ে নিজের হিটে ষষ্ঠ হয়ে বিদায় নিয়েছেন। তবে এটি তাঁর ক্যারিয়ারুসেরা টাইমিং। গত বছর মালয়েশিয়ান ওপেনে সামিউলের টাইমিং ছিল রেকর্ড ২৬.৮৩ সেকেন্ড। প্রতিযোগিতায় ৪০ জন সাঁতারুর মধ্যে ১৯তম হয়েছেন সামিউল।

# অস্ট্রেলিয়া সিরিজ থেকে ছিটকে গেলেন নাহিদ রানা

ক্রীড়া প্রতিবেদক ঢাকা

অস্ট্রেলিয়া সিরিজ থেকে ছিটকেই গেলেন নাহিদ রানা। দুই টেস্টের সিরিজের প্রথম ম্যাচে খেলতে পারছেন না লিটন দাস, প্রথম টেস্টে খেলার সম্ভাবনা ক্ষীণ শরীফুল ইসলামেরও। আজ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ খবর জানিয়েছে বিসিবি। জিম্বাবুয়ের বিপক্ষে শেষ টিটুয়েন্টিতে চোট পেয়ে মাঠ ছেড়েছিলেন নাহিদ রানা। সেই চোট তাঁকে অস্ট্রেলিয়ার বিপক্ষে দুই টেস্টের সিরিজ থেকেও ছিটকে দিল। বোলিংয়ের সময় বাঁ পাশের সাইড স্ট্রেন (পাঁজরের পাশের পেশিতে টান) চোট পান নাহিদ। পরে স্ক্যানে তাঁর গ্রেড-২ সাইড স্ট্রেন নিশ্চিত হয়েছে। সুস্থ হতে তার আনুমানিক চার সপ্তাহ সময় লাগবে। এরপর ওয়ার্কলোড বাড়াতে আরও দুই থেকে চার সপ্তাহ প্রয়োজন হবে। সবমিলিয়ে অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজে তাঁর খেলা হচ্ছে না। আরেক পেসার শরীফুল ইসলামকেও প্রথম টেস্টে পাওয়ার সম্ভাবনা ক্ষীণ। বিসিবি জানিয়েছে, তার পুনর্বাসন প্রক্রিয়ায় ভালো অগ্রগতি হয়েছে। আগামী ২৯ জুলাই থেকে তিনি পুনরায় বোলিং শুরু করবেন। ১২ আগস্ট নাগাদ তার একটি ফিটনেস অ্যাসেসমেন্ট হওয়ার কথা আছে। ওয়ার্কলোড ও চিকিৎসকের ছাড়পত্র পাওয়া সাপেক্ষে দ্বিতীয় টেস্টের জন্য তাঁকে বিবেচনা করা হতে পারে। একই অবস্থা উইকেটরক্ষক ব্যাটসম্যান লিটন দাসেরও। তিনিও খেলতে পারছেন না প্রথম টেস্টে, সম্ভাবনা আছে দ্বিতীয় টেস্টে মাঠে নামার। বাঁ পায়ের কাফ মাসলের চোট থেকে সেরে ওঠার প্রক্রিয়া চালিয়ে যাচ্ছেন লিটন কুমার দাস। সিঙ্গাপুরে একজন বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শে তাঁর চিকিৎসা চলছে। আগামী ২৮ জুলাই থেকে তার প্রোগ্রেসিভ রানিং ও কন্ডিশনিং প্রোগ্রাম শুরু করার কথা রয়েছে। ১৩ আগস্ট নাগাদ তার ফিটনেস পরীক্ষা নেওয়ার পরিকল্পনা আছে বিসিবির। পুনর্বাসন শেষ করা ও ফিটনেস ছাড়পত্র পাওয়া সাপেক্ষে দ্বিতীয় টেস্ট থেকে লিটনকে পাওয়ার আশা করছে বিসিবি। টেস্ট দলের সদস্য নন এমন দুজন ক্রিকেটারেরও চোটের খবর দিয়েছে বিসিবি। এর মধ্যে জিম্বাবুয়েতে গিয়ে চোটে পড়া মোস্তাফিজুর রহমান দ্য হান্ড্রেডে খেলতে পারেননি। বিসিবি জানিয়েছে, তিনি এখন ডান পায়ের হ্যামস্ট্রিং ও কাফ মাসলের চোট থেকে সেরে উঠার প্রক্রিয়ায় আছেন।

অনিশ্চিত শরীফুল লিটনও

